মোংলায় জনসচেতনতা মূলক কর্মশালা অনুষ্ঠিত

মোংলার স্বেচ্ছাসেবী সংগঠন শেখ আব্দুল হাই ব্লাড ফাউন্ডেশনের উদ্যোগে স্বনির্ভর সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতির আয়োজনে স্বাস্থ্য সচেতনতা, জরায়ু ক্যান্সার, ব্রেষ্ট টিউমার ও বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সংগঠনের উপদেষ্টা আলহাজ্ব শেখ কামরুজ্জামান জসিমের সভাপতিত্বে শনিবার (২৭ জুলাই) বিকালে দিগন্ত প্রকল্প সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আয়োজিত সচেতনতামূলক কর্মশালায় বক্তব্য রাখেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান নূর আলম শেখ, রাব্বি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টারের ব্যবস্থাপক এনামুল হক, ৬ নং ওয়ার্ল্ড যুবলীগের সাবেক সভাপতি আসলাম হোসেন প্রমূখ।

কর্মশালায় পৌরসভার ৬ নং ওয়ার্ডের শতাধিক নারীকে জনস্বাস্থ্য, জরায়ু ক্যান্সার,ব্রেষ্ট টিউমার ও বাল্যবিবাহ প্রতিরোধে সচেতন করা হয়। সচেতনতামূলক অনুষ্ঠানের মিডিয়া পার্টনার বাংলা টিভি ও দৈনিক পূর্বাঞ্চল।